



বাংলাদেশ ইনস্টিটিউট অব অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন

৬৩, নিউ ইস্কাটন, ঢাকা - ১২১৭

www.biam.gov.bd

নং- ০৫.০৫.০০০০.০০৪.০৫.০২৪.২২. ৩৪৮

তারিখঃ ০৫.০৬.২০২৩ খ্রি:

বিষয়: জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিটিজেনস চার্টার (সেবা প্রদান প্রতিশ্রুতি) পরিবীক্ষণ কমিটির ২০২২-২৩ অর্থ বছরের ৩য় সভার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত।

সূত্রঃ জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিপি-৩ শাখার স্মারক নং-০৫.০০.০০০০.১৯৭.১৬.০০৪.২২.২৩, তাং-০১.০৩.২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে বিগত ১৪.০২.২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিটিজেনস চার্টার (সেবা প্রদান প্রতিশ্রুতি) পরিবীক্ষণ কমিটির ৩য় সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিম্নরূপঃ

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
১	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রক্রিয়া (সিটিজেনস চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশনা, ২০১৭ অনুসরণ করে বিদ্যমান সিটিজেনস চার্টারটি নিয়মিত হালনাগাদ করতে হবে।	সিটিজেনস চার্টার (৪র্থ ত্রৈমাসিক) হালনাগাদ করা হয়েছে (পরিশিষ্ট-১)।
২	ত্রৈমাসিক ভিত্তিতে সকল দপ্তর/সংস্থার পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন সংক্রান্ত অফিস আদেশ ও সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের প্রতিবেদন (স্ক্রিনশটসহ), সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং ওয়েবসাইটের নির্দিষ্ট অংশে আপলোড করতে হবে।	সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির পুনর্গঠন সংক্রান্ত অফিস আদেশ (পরিশিষ্ট-২) ও সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের প্রতিবেদন (স্ক্রিনশটসহ) (পরিশিষ্ট-৩)। নির্দেশনা অনুযায়ী ওয়েবসাইটের নির্দিষ্ট অংশে আপলোড করা হয়েছে।
৩	জনপ্রশাসন মন্ত্রণালয়ের 'সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩' বাস্তবায়নের লক্ষ্যে ১.৪ নম্বর কার্যক্রমের ১.৪.১ নম্বর কর্মসম্পাদন সূচক অনুযায়ী ত্রৈমাসিক বিত্তিক সিটিজেনস চার্টার হালনাগাদকরণ করা।	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ের আওতায় বিয়াম ফাউন্ডেশনের জিআরএস-এ কিছু সংশোধনী আনা হয়েছে (পরিশিষ্ট-৪)।

০২। বিষয়টি মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

(মুহম্মদ হিরুজ্জামান এনডিসি)
পরিচালক (শিক্ষা)
বিয়াম ফাউন্ডেশন, ঢাকা

সিনিয়র সচিব

জনপ্রশাসন মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(দৃঃআঃ সিনিয়র সহকারী সচিব, সিপি-৩)

অনুলিপিঃ জ্ঞাতার্থে/কার্যার্থে-

১। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, বিয়াম ফাউন্ডেশন (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। অফিস কপি।